



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড  
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯  
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।  
আইসিটি সেল

বিষয়ঃ আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।


সভাপতি	মোঃ সেলিম ভূঁইয়া ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল
সভার তারিখ	২৭.১২.২০২১ খ্রিঃ
সভার সময়	বেলা ১০.০০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি	আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ

স্মারক নম্বর ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৩২, তারিখ ২৬ ডিসেম্বর ২০২১ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত অফিস আদেশের ভিত্তিতে অনুষ্ঠিত ভারুয়াল সভায় সভাপতি সকলকে স্বাগত জানান। সভায় আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২২) এর আওতায় [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপন	সভায় আরপিসিএল এর ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২২) উপস্থাপন করা হয়। কর্মপরিকল্পনায় উল্লেখিত সেবা ডিজিটাইজেশন, সভা/কর্মশালা আয়োজন, প্রশিক্ষণ, বরাদ্দকৃত অর্থ ব্যয়সহ অর্ধ-বার্ষিক সকল কর্মসম্পাদন সূচক এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্য ও সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রয়োজনীয় কাজ করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া বিদ্যুৎকেন্দ্রসমূহ তাদের এপিএ তে উল্লেখিত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করবেন।	প্ল্যান্ট ইনচার্জ
২।	চলমান আইডিয়া উপস্থাপন	আরপিসিএল এর চলমান উদ্ভাবনী ধারণা ২টি, ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প ৪টি ও ডিজিটাল সেবা ১ টি এবং সেবা সহজিকরণ ২টি। সভায় প্রতিটি আইডিয়ার অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। আইডিয়াগুলো সকল প্রমোনকসহ যথাসময়ে শেষ করার জন্য নির্দেশ প্রদান করা হয়।	১. সকল আইডিয়া ডকুমেন্টেশনসহ ৩১.০১.২২ ইং তারিখের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২. আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যয় প্রাক্কলন সহ নথিতে উপস্থাপনসহ জরুরী প্রয়োজনে অগ্রীম গ্রহন করতঃ নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ শেষ করবেন।	আইডিয়া বাস্তবায়কারী

৩।	অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ	আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার (২০২১-২২) অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের শেষ তারিখ ১৩.০১.২২। তবে বিদ্যুৎ বিভাগ হতে ০৫.০১.২২ ইং তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে ০৫.০১.২২ ইং তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	সকল বিদ্যুত কেন্দ্র হতে ০৫.০১.২২ খ্রি তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করবেন এবং সদর দপ্তর হতে নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্ল্যান্ট ইনচার্জ ও সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
----	--	---	---	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম ভূঁইয়া

ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক  
(প্রকৌশল), আরপিসিএল


স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৩৪

তারিখ: ১৩ পৌষ ১৪২৮

২৮ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, সুশাসন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ।
- ২) সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ
- ৩) আরপিসিএল এর ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ



মোঃ সারোয়ার জাহান  
সহকারী ব্যবস্থাপক